

- 8.১১.৩ পর্ব মধ্য পরীক্ষা সেমিস্টারের ৮ম সপ্তাহে/বর্ষপঞ্জি অনুসারে সম্পন্ন হবে;
- 8.১১.৪ বিষয় শিক্ষকগণ ক্লাস টেস্টের তারিখ, সময় ও স্থান পূর্বেই শিক্ষার্থীদেরকে অবহিত করবেন। ৫ম ও ১৩তম সপ্তাহে ক্লাস টেস্ট অনুষ্ঠিত হবে। কুইজসমূহ ক্লাস চলাকালীন যে কোন সময় অনুষ্ঠিত হতে পারে;
- 8.১১.৫ বিষয় শিক্ষক ক্লাস টেস্ট ও কুইজ এবং মধ্যপর্ব পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবগতির জন্য ০১ (এক) সপ্তাহের মধ্যে নোটিশ বোর্ডে প্রদর্শনের পর নম্বরপত্র এবং পরীক্ষিত উত্তরপত্র বিষয় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবেন;
- 8.১২ সকল পর্বের তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র বোর্ড কর্তৃক প্রণয়ন করে সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা (সেন্টার-ইন-চার্জ) এর নিকট প্রেরণ করা হবে;
- 8.১২.১ সকল পর্বের তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষার ০১ (এক) ফ্রেডিট আওয়ারের জন্য পূর্ণমান হবে ৩০ এবং পরীক্ষার সময় হবে ০২ (দুই) ঘন্টা। ৩০ নম্বরের প্রশ্নপত্রের ধরণ ও মানবন্টন হবে নিম্নরূপঃ
- ক-বিভাগ: অতি সংক্ষিপ্ত ৭ টি প্রশ্ন থাকবে। সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০১ (এক)। অর্থাৎ  $০১ \times ৭ = ৭$ ;
- খ- বিভাগ: সংক্ষিপ্ত ০৪ টি প্রশ্ন থাকবে। সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০২ (দুই)। অর্থাৎ  $০২ \times ৪ = ৮$ ;
- গ-বিভাগ: রচনামূলক ০৪ টি প্রশ্ন থাকবে। তন্মধ্যে ০৩ (তিন) টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০৫ (পাঁচ)। অর্থাৎ  $০৫ \times ৩ = ১৫$ ;
- 8.১২.২ সকল পর্বের তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষার ০২ (দুই) ফ্রেডিট আওয়ারের জন্য পূর্ণমান হবে ৬০ এবং পরীক্ষার সময় হবে ০৩ (তিন) ঘন্টা। ৬০ নম্বরের প্রশ্নপত্রের ধরণ ও মানবন্টন হবে নিম্নরূপঃ
- ক-বিভাগ: অতি সংক্ষিপ্ত ১০ টি প্রশ্ন থাকবে। সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০১ (এক)। অর্থাৎ  $০১ \times ১০ = ১০$ ;
- খ- বিভাগ: সংক্ষিপ্ত ১০ টি প্রশ্ন থাকবে। সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০২ (দুই)। অর্থাৎ  $০২ \times ১০ = ২০$ ;
- গ-বিভাগ: রচনামূলক ০৬ টি প্রশ্ন থাকবে। তন্মধ্যে ০৫ (পাঁচ) টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০৬ (ছয়)। অর্থাৎ  $০৬ \times ৫ = ৩০$ ;
- 8.১২.৩ সকল পর্বের তাত্ত্বিক বিষয়/বিষয়াংশের চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষার ০৩ (তিন) ফ্রেডিট আওয়ারের জন্য পূর্ণমান হবে ৯০ এবং পরীক্ষার সময় হবে ০৩ (তিন) ঘন্টা। ৯০ নম্বরের প্রশ্নপত্রের ধরণ ও মানবন্টন হবে নিম্নরূপঃ
- ক-বিভাগ: অতি সংক্ষিপ্ত ১০ টি প্রশ্ন থাকবে। সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০২ (দুই)। অর্থাৎ  $০২ \times ১০ = ২০$ ;
- খ- বিভাগ: সংক্ষিপ্ত ১০ টি প্রশ্ন থাকবে। সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০৩ (তিন)। অর্থাৎ  $০৩ \times ১০ = ৩০$ ;
- গ-বিভাগ: রচনামূলক ০৭ টি প্রশ্ন থাকবে। তন্মধ্যে ০৫ (পাঁচ) টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান হবে ০৮ (আট)। অর্থাৎ  $০৮ \times ৫ = ৪০$ ;
- 8.১২.৪ বোর্ড প্রয়োজনে প্রশ্নপত্রের ধরণ ও মানবন্টনে পরিবর্তন আনতে পারবে;

8.১৩ সকল পর্বের ব্যবহারিক বিষয় বা কোন বিষয়ের ব্যবহারিক অংশের মোট নির্ধারিত নম্বরের ৫০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য ও ৫০% নম্বর ব্যবহারিক চূড়ান্ত মূল্যায়ন বা পর্ব সমাপনী পরীক্ষার জন্য নির্ধারিত থাকবে;

8.১৩.১ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়নের মানবন্টন হবে নিম্নরূপঃ

ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নের মানবন্টন:	
মূল্যায়নের ক্ষেত্র	৫০% এর ক্ষেত্রে
ক. জব/ এক্সপেরিমেন্ট	২৫%
খ. বাড়ির কাজ	০৫%
গ. জব/ এক্সপেরিমেন্ট রিপোর্ট প্রস্তুতকরণ	০৫%
ঘ. জব/ এক্সপেরিমেন্টের উপর মৌখিক পরীক্ষা	০৫%
ঙ. আচরণ	০২%
চ. উপস্থিতি	০৮%
[উপস্থিতি ৯০% এর উপরে ০৮%; ৮০% - ৮৯% এর মধ্যে ০৬-০৭%]	

Handwritten signature and date: ১২/০৪/২২

Handwritten signature

Handwritten signature